

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা

বার্ড ইনোভেশন টিমের ৭ম সভার কার্যবিবরণী, ২০১৯-২০২০ খ্রিঃ

সভাপতিঃ মোঃ সফিকুল ইসলাম
পরিচালক (গবেষণা)

স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
তারিখ : ১৭/০৫/২০২০ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১১ :৩০ মিনিট


উপস্থিত সদস্যবৃন্দঃ


- ১। জনাব রঞ্জন কুমার গুহ, যুগ্ম-পরিচালক, বার্ড।
- ২। ড. শেখ মাসদুর রহমান, যুগ্ম-পরিচালক, বার্ড।
- ৩। জনাব মোঃ রিয়াজ মাহমুদ, উপ-পরিচালক, বার্ড।

সভার শুরুতে সভাপতি উপস্থিত ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

- ১। দেশে করোনা ভাইরাস মহামারী স্বাভাবিক হলে জুন, ২০২০ খ্রিঃ মাসে ০২ দিনের উদ্ভাবনী ধারনার উপর একটি প্রশিক্ষণ কোর্স আয়োজন করা যেতে পারে।
- ২। করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে বার্ড ইনোভেশন কমিটির সদস্যগণ বাপার্ড, গোপালগঞ্জ এবং বঙ্গবন্ধুর সমাধী সৌধ, টুঙ্গিপাড়া দর্শনের জন্য সফরের আয়োজন করা হবে।
- ৩। বার্ডে বাস্তবায়িত ডিজিটাল সেবা সহজীকরণ বিশেষত বার্ড গ্রন্থাগার ডিজিটাল অনুসন্ধান বিষয়ে অফিস আদেশ জারী করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।
- ৪। বার্ডের হস্তমজুদ রহিতকরণ ও সচ্ছতা আনয়ন কার্যক্রমের জন্য পরিচালক (প্রশাসন) ও সংশ্লিষ্টদের ইনোভেশন পুরস্কারের জন্য নির্বাচন করা হয় এবং পরিচালক (পল্লী শিক্ষা) ও তাঁর টীমকে কল্যাণ ইনকিউবেটর পাইলটিংয়ের জন্য ইনোভেশন পুরস্কারের জন্য নির্বাচন করা হয়। এছাড়া, কৃষি যান্ত্রিকরণ ও যৌথ খামার প্রকল্পে জমির আইল উঠিয়ে বড় আকারের প্লটে কমিউনিটি এন্টারপ্রাইজের মাধ্যমে সম্পূর্ণ যান্ত্রিক পদ্ধতিতে চাষাবাদের ইনোভেশন পুরস্কারের জন্য নির্বাচন করা হয়। উল্লিখিত, তিনটি টীমকে ১০,০০০.০০ (দশ হাজার টাকা) করে পুরস্কার হিসেবে প্রদানের জন্য সুপারিশ করা হয়।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ রিয়াজ মাহমুদ)
উপ-পরিচালক (পল্লী ব্যবসা ব্যবস্থাপনা)
ও
সদস্য সচিব, ইনোভেশন কমিটি


(মোঃ সফিকুল ইসলাম)
পরিচালক (গবেষণা)
এবং
ইনোভেশন অফিসার

বিতরণঃ

- ১। পরিচালক (প্রশাসন), বার্ড।
- ২। পরিচালক (প্রশিক্ষণ), বার্ড।
- ৩। কমিটির সংশ্লিষ্ট সদস্যবৃন্দ, বার্ড।
- ৪। জনাব মোঃ আশিক সরকার লিফাত, সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড অবগতি ও ওয়েবসাইটে সংযোজনের জন্য।
- ৫। সভাপরিচালকের ব্যক্তিগত সহকারী, সভাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।